

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

[কর নীতি উইং]

www.nbr.gov.bd

নম্বর-০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.১২/ ১৩১

তারিখ:

১৬ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ

২৮ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: “স্টার্টআপ স্যান্ডবক্স” সংক্রান্ত সংবিধিবদ্ধ বিধানসমূহের প্রয়োগ, কার্যকর বাস্তবায়ন এবং কর পরিপালন সংক্রান্ত নির্দেশনা

আয়কর আইন, ২০২৩ এর ৮ম তফসিল এর অংশ ২ এ উল্লিখিত “স্টার্টআপ স্যান্ডবক্স” সংক্রান্ত সংবিধিবদ্ধ বিধানসমূহের প্রয়োগ, কার্যকর বাস্তবায়ন এবং কর পরিপালন সুনির্দিষ্টকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

১. **জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধনের বাধ্যবাধকতা:** স্যান্ডবক্স সুবিধা গ্রহণের জন্য সংবিধিবদ্ধ শর্তাবলী পূরণ সাপেক্ষে কোনো স্টার্টআপ-কে জাতীয় রাজস্ব বোর্ডে নিবন্ধিত হতে হবে।
২. **জাতীয় রাজস্ব বোর্ডে স্টার্টআপ স্যান্ডবক্স নিবন্ধনের প্রক্রিয়া:**
 - ২.১ **আবেদন জমাদান:** স্টার্টআপ কোম্পানিকে সদস্য (কর আপিল ও অব্যাহতি), জাতীয় রাজস্ব বোর্ড বরাবর নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করতে হবে:
 - (ক) আরজেএসসি (RJSC) ইনকর্পোরেশন সার্টিফিকেট, সংঘস্মারক (MOA);
 - (খ) স্টার্টআপ সম্পর্কিত কার্যক্রমের বিবরণ; এবং
 - (গ) স্টার্টআপে ব্যবহৃত ইআরপি (ERP), অ্যাকাউন্টিং সফটওয়্যার বা মূল ডিজিটাল সিস্টেমে বা হিসাবের খতিয়ানে আয়কর কর্তৃপক্ষকে পাঠযোগ্য (Read Only) প্রবেশাধিকার প্রদানের সম্মতিপত্র।
 - ২.২ **সনদ প্রদান:** আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে তা যাচাই-বাছাই শেষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক “স্টার্টআপ স্যান্ডবক্স নিবন্ধন সনদ” ইস্যু করা হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে এ বিষয়ে কোনো সিদ্ধান্ত প্রদান করা না হলে, সংশ্লিষ্ট আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে অনুমোদিত হয়েছে মর্মে বিবেচিত হবে।
৩. **স্টার্টআপ স্যান্ডবক্স নিবন্ধন বাতিলকরণ:** উপযুক্ত কারণ প্রদর্শন ও যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদানপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড যেকোনো স্টার্টআপ স্যান্ডবক্স নিবন্ধন বাতিল করতে পারবে।
 - ৩.১ **কারণ দর্শানো নোটিশ:** ভুল তথ্য প্রদান, ডিজিটাল এক্সেস প্রদানে বাধা সৃষ্টির প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট স্টার্টআপকে ৬০ (ষাট) দিনের মধ্যে জবাব দাখিলের নির্দেশ দিয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হবে;
 - ৩.২ **শুনানি ও নিবন্ধন বাতিলের আদেশ:** স্টার্টআপ স্যান্ডবক্স এর প্রতিনিধিকে শুনানির সুযোগ প্রদান সাপেক্ষে লিখিত আদেশের মাধ্যমে নিবন্ধন বাতিল করা যাবে।

স্বাক্ষরিত/-২৮/১০/২০২৬ খ্রিঃ


(আহসান হাবিব)

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড

বিভরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৩। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৫। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।
- ৬। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
- ৮। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
- ৯। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/ গাজীপুর/ ময়মনসিংহ/ কুমিল্লা/ বগুড়া/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট/খুলনা/কুষ্টিয়া/যশোর/নরসিংদী/কক্সবাজার/ফরিদপুর/দিনাজপুর/নোয়াখালী/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, ঢাকা।
- ১০। প্রেসিডেন্ট, দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা ১২১৫।
- ১১। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কন্স্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICMAB), ICMA Bhaban, 3 Nilkhet, ঢাকা।
- ১২। প্রেসিডেন্ট, ঢাকা ট্যাক্সেস বার অ্যাসোসিয়েশন, রাজস্ব ভবন, নিচতলা, ২য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ট্যাক্স ল-ইয়ার্স অ্যাসোসিয়েশন (BTLA), রাজস্ব ভবন, নিচ তলা, ২য় পর্যায়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ১৫। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড (নির্দেশনাটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭। অফিস কপি/ গার্ড কপি।


(মোঃ একরামুল হক)
২৬/০১/২০২৬
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড